



শাহজামাল তানজীর, আর/৫ ২য় বর্ষ



নিপুন, সিডিল ৩য় বর্ষ



সঞ্জয় কুমার বিশ্বাস, সিডিল ৩য় বর্ষ

চার বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স : শিক্ষার্থীদের প্রতিক্রিয়া

মোজাম্মেল প্রধান

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের আন্দোলনটা হরর দিকে ছিল ব্যাপক আকারের। তাদের সঙ্গে মাঠে নেমেছেন এ শিক্ষাক্রমের সঙ্গে সম্পৃক্ত শিক্ষক-কর্মচারীবৃন্দও। ফলে আন্দোলন সফল হয়েছে। শিক্ষার্থী ও শিক্ষকদের দীর্ঘদিনের চাওয়ার ফসল ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চার বছর মেয়াদি করা হয়েছে। এই কার্যক্রম শুরু হয় ২০০০-২০০১ সেশনের ছাত্রছাত্রীদের থেকে। পাঠ্যক্রমে আসে যথেষ্ট পরিবর্তন, পরিবর্ধন। চার বছর মেয়াদি ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স পেয়ে প্রথমদিকে শিক্ষার্থীদের আনন্দ-উল্লাস দেখা গেলেও পরবর্তী উৎসাহে জটা পড়ে। ক্রমে তাদের মনে আসে বিরূপ প্রতিক্রিয়া। এর মুখ্য কারণ হচ্ছে শিক্ষার মান। ইতিপূর্বে শিক্ষার্থীদের জন্য ডিপ্লোমা

ইঞ্জিনিয়ারিং কোর্স তিন বছর মেয়াদি ছিল, যার মূল্যায়ন ছিল ইন্টার মিডিয়েট সমমান। শিক্ষার্থীরা চার বছর মেয়াদির আন্দোলন করেছে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সকে ডিগ্রির মান দেয়ার জন্য। কোর্স চার বছর মেয়াদি হয়েছে ঠিকই, কিন্তু ডিগ্রির মান পায়নি। ফলে আন্দোলনে সফল হলেও অনেক শিক্ষার্থী এখন হতাশাদগ্ন। অনেকে আবার মন্তব্য করছেন ইতিবাচক দৃষ্টিভঙ্গি থেকেও। জানতে চেয়েছিলাম, 'ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স চার বছর মেয়াদি হওয়ায় আপনাদের প্রতিক্রিয়া কি?' স্বগ্রহে জানিয়েছেন দেশের সর্ববৃহৎ পলিটেকনিক, ঢাকা পলিটেক ইন্স-এর শিক্ষার্থীরা। শাহজামাল তানজীর, আর/৫ ২য় বর্ষ : ডিপ্লোমা প্রকৌশলী কোর্স, চার বছর মেয়াদি করায় আমাদের শিক্ষা মানেরও উন্নতি হয়েছে। আগে এই কোর্স তিন বছর মেয়াদি ছিল, এক বছর বৃদ্ধি পেয়েছে ফলে আগের

তুলনায় আমাদের অভিজ্ঞতা এখন বাড়বে। সেই সঙ্গে চাকরির ক্ষেত্রেও সুবিধা পাবে। নিপুন, সিডিল ৩য় বর্ষ : যেহেতু আমাদের কোর্সকে ডিগ্রির মান না দিয়েই চার বছর মেয়াদি করা হয়েছে, তাই এটিকে আমি কল্যাণগ্রন্থ বলবো না। কেননা এদিক দিয়ে আমাদের নিছকই অতিরিক্ত এক বছর লস্ দিতে হচ্ছে। এই লস ফিল্মাপ করা যাবে, যদি চাকরির ক্ষেত্রে আমাদের স্কেল আরও বৃদ্ধি করা হয়। সঞ্জয় কুমার বিশ্বাস, সিডিল ৩য় বর্ষ : ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চার বছর করায় শিক্ষার্থীরা যে পরিমাণ লাভবান হয়েছে, তার থেকে ক্ষতি হয়েছে বেশি। কোর্সের মেয়াদ একবছর বৃদ্ধি পেলেও শিক্ষার্থীদেরকে ডিগ্রির সমমান দেয়া হবে না। অর্থাৎ শিক্ষার্থীরা মান পাবে ইন্টারমিডিয়েট, যদিও তাদের অভিজ্ঞতা আগের থেকে বেশি হবে। এটা আপত্তিকর।